

## Situation in Eastern Ladakh

September 08, 2020

---

### পূর্ব লাদাখের পরিস্থিতি

সেপ্টেম্বর 08, 2020

ভারত যেখানে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর সৈন্য সমাবেশকে সরিয়ে নিতে এবং পরিস্থিতির তীব্রতাকে কমিয়ে আনতে অঙ্গীকারবদ্ধ, সেখানে চিন পরিস্থিতির তীব্রতা বাড়ানোর জন্য ক্রমাগত প্ররোচনামূলক কাজকর্ম করে চলেছে।

ভারতীয় সৈন্যবাহিনী কোনো অবস্থাতেই প্রকৃত নিয়ন্ত্রণ রেখা লঙ্ঘন করেনি বা গুলি চালানো সহ কোনোরকমের আগ্রাসী ভূমিকা পালন করেনি।

পিপলস লিবারেশন আর্মি(পিএলএ)- ই, কূটনৈতিক এবং সামরিকস্বরে আলাপ আলোচনা চলাকালীন সামরিক সঙ্কার মাধ্যমে নির্লজ্জভাবে চুক্তিভঙ্গ করেছে এবং আগ্রাসন মূলক কাজকর্ম করেছে। এই ঘটনাতে পিএলএ, প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর আমাদের একটি সেনা চৌকির খুব কাছাকাছি চলে আসে, এবং যখন আমাদের সেনাবাহিনী তাদের প্রতিনিবৃত্ত করে তখন আমাদের সৈন্যদের ভয় দেখানোর জন্য পিএলএ শূন্যে গুলি ছোড়ে। তথাপি, চূড়ান্ত প্ররোচনা স্বত্বেও আমাদের সৈন্যবাহিনী প্রভূত ধৈর্য্য প্রদর্শন করে এবং দায়িত্বশীল ও পরিণত আচরণ করে।

ভারতীয় সৈন্যবাহিনী শান্তি এবং স্থিরতা বজায় রাখতে অঙ্গীকারবদ্ধ , তথাপি তারা যেকোন মূল্যে দেশের অখন্ডতা ও সার্বভৌমত্ব রক্ষা করতেও বদ্ধ পরিকর। ওয়েস্টার্ন থিয়েটার কমান্ডের দেওয়া বিবৃতিটি দেশের এবং আন্তর্জাতিক মনোযোগকে ভুলপথে চালিত করার একটি প্রচেষ্টা।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 08, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

